৩/১/২০০১

দৈনিক জনকণ্ঠ

তারিখ ........
পৃষ্ঠা ৩ কলাম ৫ ......

# শেখ বোরহানুদ্দিন কলেজের বৃত্তিমূলক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ শেখ বোরহানুদ্দিন পোস্ট গ্র্যাজুয়েট কলেজ কর্তৃপক্ষ দেশে প্রথমবারের মতো একটি বাণিজ্য ও তথ্য প্রযুক্তিভিত্তিক বৃত্তিমূলক পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বরাবর শীঘ্রই এ-সংক্রান্ত আবেদন পেশ করা হবে। প্রচলিত এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষাদানের পাশাপাশি বিশেষ ব্যবস্থাপনায় এ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালিত হবে। মঙ্গলবার সকালে কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত ছাত্র-শিক্ষক-অভিভাবকদের এক যৌথসভা ও একাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের নবীন বরণ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অধ্যক্ষ অধ্যাপক কাজী ফারুক আহমেদ এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা জানান।

অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, শুধু পাবলিক পরীক্ষায় ভাল ফল লাভ নয়, জীবনের প্রতিযোগিতা তথা কাম্য পেশা বাছাইয়ের ক্ষেত্রে যোগ্যতার প্রতিযোগিতায় টিকে থাকা যুগোপযোগী শিক্ষাদানেই আজ অগ্রণী হতে হবে। উল্লেখ্য, অনার্স ও মাস্টার্স শ্রেণীতে পাঠদানকারী ঢাকা মহানগরীর প্রথম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শেখ বোরহানুদ্দিন পোস্ট গ্র্যাজুয়েট কলেজে কোন ছাত্র সংসদ নেই, কলেজটি দলীয় রাজনীতিমুক্ত।